



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



একুশে ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদ  
মিনারে শ্রদ্ধাঞ্জলি নিবেদন



২১ ফেব্রুয়ারি ২০২৪- বুধবার সকালে 'মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪' উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনারে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম-এর পক্ষে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান পুষ্পসুবক অর্পণ করে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এরপর জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি (জবিকস), কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী সমিতি পক্ষে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউটের পরিচালক, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, রেজিস্ট্রার, প্রক্টর অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ জাকির হোসেন ও সাধারণ সম্পাদক ড. শেখ মাশরিক হাসান, বিভিন্ন দপ্তরের পরিচালক, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



এছাড়াও দিনব্যাপী ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় এবং কালো পতাকা উত্তোলন করা হয়।

এদিকে, দিবাগত রাত ১২.০১ মিনিটে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত শহীদ মিনারে উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম-এর পক্ষে ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এরপর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ স্ব-স্ব ব্যানার নিয়ে শহীদ মিনারে পুষ্পার্ঘ্য অর্পণ করে। এছাড়াও বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি (জবিকস), কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী সমিতি, বাংলাদেশ ছাত্রলীগ জবি শাখা, বাঁধন জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিট, রেঞ্জার ইউনিট জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটস গ্রুপ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিএনসিসি ইউনিট, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্র, উদীচী শিল্পীগোষ্ঠী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ফটোগ্রাফিক সোসাইটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি, জগন্নাথ



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব, জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার্স ইউনিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটি সহ অন্যান্য সংগঠনের পক্ষে থেকে একে একে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

এদিকে, ২০ ফেব্রুয়ারি (মঙ্গলবার) মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ উদযাপন কমিটির উদ্যোগে ভাষা শহীদ রফিক ভবন চত্বরে দুপুরে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডে-কেয়ার সেন্টারের শিশুদের অংশগ্রহণে 'চিত্রাংকন প্রতিযোগিতা' এবং পরবর্তিতে সন্ধ্যা হতে শিক্ষক-শিক্ষার্থী ও বিভিন্ন সংগঠনের অংশগ্রহণে 'আমরা তোমাদের ভুলবো না' শিরোনামে একুশের পংক্তিমালা শীর্ষক পরিবেশনা অনুষ্ঠিত হয়।